

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি  
পুরাতন বিমান বন্দর সড়ক  
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

নং-৩৫.০৩.০০০০.০১.০১১.০৬৬.১৮-২৬৭৩

তারিখ : ১৫.০৭.২০১৮খ্রি:।


**নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটির (বিআরটিএ) নিম্নবর্ণিত বিভিন্ন ১২(বার) ক্যাটাগরির মোট ৩২(বত্রিশ)টি শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে লোকবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	পদের ধরণ (স্থায়ী/অস্থায়ী)	বেতনক্রম	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১.	উচ্চমান সহকারী/ কম্পিউটার অপারেটর	২(দুই)টি	অস্থায়ী	১১০০০-২৬৫৯০	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যান্য স্নাতক ডিগ্রী; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।	মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, নেত্রকোনা, খাগড়াছড়ি, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, পাবনা, লালমনিরহাট, পঞ্চগড়, বাগেরহাট, যশোর,
২.	হিসাব রক্ষক	১(এক)টি	স্থায়ী	১১০০০-২৬৫৯০	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে অন্যান্য স্নাতক ডিগ্রী; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।	নড়াইল, ঝিনাইদহ, মাগুড়া, পিরোজপুর, বালকাঠি, ভোলা, পটুয়াখালী
৩.	উচ্চমান সহকারী	১(এক)টি	স্থায়ী	১০২০০-২৪৬৮০	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যান্য স্নাতক ডিগ্রী; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।	
৪.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর	৩(তিন)টি	অস্থায়ী	১০২০০-২৪৬৮০	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং তৎসহ শটহ্যান্ডের সর্বনিম্ন গতি ইংরেজিতে প্রতি মিনিটে ৮০ শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ৫০ শব্দ। তাছাড়া কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে word Processing, Data Entry ও Typing —এ গতি বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ; ইংরেজী : প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০শব্দ।	
৫.	মেকানিক্যাল এসিস্ট্যান্ট	৯(নয়)টি	অস্থায়ী	১০২০০-২৪৬৮০	ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কোন স্বীকৃত বোর্ডের অনুমোদিত প্রতিষ্ঠান হতে অটোমোবাইল/অটোমোটিভ ট্রেড এ কারিগরি বৃত্তিমূলক ২য় পর্ব উত্তীর্ণ; গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।	
৬.	সহকারী মোটরযান পরিদর্শক	৩(তিন)টি	অস্থায়ী	১০২০০-২৪৬৮০	ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কোন স্বীকৃত বোর্ডের অনুমোদিত প্রতিষ্ঠান হতে অটোমোবাইল/অটোমোটিভ ট্রেডএ কারিগরি বৃত্তিমূলক ২য় পর্ব উত্তীর্ণ; গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।	
৭.	বেঞ্চ সহকারী	৩(তিন)টি	অস্থায়ী	৯৩০০-২২৪৯০	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।	
৮.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	৩(তিন)টি	১টি স্থায়ী, ২টি অস্থায়ী	৯৩০০-২২৪৯০	উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর প্রতি মিনিটে গতি : বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দ।	

৯.	রেকর্ড কিপার	২(দুই)টি	১স্থায়ী, ১স্থায়ী	৯৩০০-২২৪৯০	ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।	
১০.	হিসাব সহকারী	২(দুই)টি	১টি স্থায়ী, ১টি অস্থায়ী	৯৩০০-২২৪৯০	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।	
১১.	অফিস সহায়ক	১(এক)টি	অস্থায়ী	৮২৫০-২০০১০	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, রাজবাড়ি, শরীয়তপুর, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, রাংগামাটি, চাঁদপুর, বগুড়া, পাবনা, লালমনিরহাট, খুলনা, বাগেরহাট, নড়াইল, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মেহেরপুর, সিলেট, বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা
১২.	নিরাপত্তা প্রহরী	২(দুই)টি	১টি স্থায়ী, ১টি অস্থায়ী	৮২৫০-২০০১০	অষ্টম শ্রেণী বা জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ এবং শারীরিক যোগ্যতাসম্পন্ন হতে হবে।	

- ২। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত 'চাকরির আবেদন ফরম'এ আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম বিআরটিএ'র ওয়েব সাইটে ( [www.brta.gov.bd](http://www.brta.gov.bd) ) পাওয়া যাবে।
- ৩। নির্ধারিত আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক আগামী ০৯.০৮.২০১৮খ্রি: তারিখের মধ্যে ডাকযোগে চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি(বিআরটিএ), পুরাতন বিমান বন্দর সড়ক, এলেনবাড়ি তেজগাও, ঢাকা-১২১৫ ঠিকানায় পৌঁছাতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের উক্ত নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন ফরমে লিখিত আবেদন গ্রহণযোগ্য হবে না এবং হাতে হাতে বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৪। আবেদনপত্রের সাথে ৫×৫ সে.মি. সাইজের সদ্য তোলা ৩ কপি সত্যায়িত ছবি ও ক্রমিক ১-১০ পর্যন্ত পদে আবেদনকারীদের পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও ক্রমিক ১১-১২ পর্যন্ত পদে আবেদনকারীদের পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা জমার ট্রেজারি চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।
- ৫। উচ্চমান সহকারী/ কম্পিউটার অপারেটর, সঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, মেকানিক্যাল এসিস্ট্যান্ট, সহকারী মোটরযান পরিদর্শক, বেঞ্চ সহকারী, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ২টি, রেকর্ড কিপার এর ১টি, হিসাব সহকারী এর ১টি, অফিস সহায়ক এর ১টি ও নিরাপত্তা প্রহরী এর ১টি পদ বছর বছর সংরক্ষণের ভিত্তিতে অস্থায়ীভাবে সৃজনকৃত, তবে পদগুলো স্থায়ী হওয়ার সম্ভাবনা রয়েছে।
- ৬। শারীরিক প্রতিবন্ধী এবং এতিম কোটার উপযুক্ত যে কোন জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ৭। আবেদনকারীকে চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি এর অনুকূলে ক্রমিক ১-১০ পর্যন্ত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক ১১-১২ পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ১-৫০৪৩-০০০০-২৬৮১ খাতে ট্রেজারি চালানমূলে জমা দিতে হবে।
- ৮। আবেদনকারীর বয়স ০৯.০৮.২০১৮খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ বৎসর এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধী কোটায় আবেদনকারীর বয়স সীমা ৩২(বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের বয়স সীমা সর্বোচ্চ ৩০(ত্রিশ) বছর।
- ৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা(যদি থাকে) সনদের মূল কপি, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র(যদি থাকে), প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের মূল কপি, গেজেটের কপি ও পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়টি উল্লেখপূর্বক প্রদত্ত সনদ উপস্থাপন করতে হবে।
- ১০। পদ পূরণের ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্য পদ পূরণ সংক্রান্ত সরকারের যাবতীয় বিদ্যমান বিধি-বিধান/আদেশ যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করা হবে। খামের উপরে পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা থাকলে উক্ত কোটার নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। চাকরির প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১১। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় ডাক টিকিটসম্বলিত নিজ ঠিকানা লিখিত ১০"×৪.৫" সাইজের একটি ফেরত খাম প্রেরণ করতে হবে।
- ১২। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীগণকে বিভিন্ন পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে অবহিত করা হবে।
- ১৩। নিয়োগ পরীক্ষায় উপস্থিত হবার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৪। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যে কোন সময় এ নিয়োগ প্রক্রিয়া/কার্যক্রম সংশোধন/সুগত/বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

  
 শাহ আব্দুল তারিক  
 উপপরিচালক(প্রশাসন)  
 ও  
 সদস্য সচিব  
 বিভাগীয় নির্বাচন কমিটি